

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.৯৯.০০৩.২১-৮২৯


তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০  
২৫ জুলাই ২০২৩

বিষয়: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অঞ্চল-০৫ এর আওতাধীন গেন্ডারিয়া সরকারি বহিঃবিভাগ ডিসপেনসারি (জিওডি) অপসারণের বিষয়ে মতামত প্রদান।

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৫৬.২৭.০৫৪.২১-৩১৬, তারিখ: ০৪ জুন ২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গেন্ডারিয়া সরকারি বহিঃবিভাগ ডিসপেনসারি (জিওডি)-টি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক অপসারণের কোন কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করা হলে তা আপাতত: স্থগিত করে বর্ণিত বিষয়ে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

  
(মোহাম্মদ শামছুল ইসলাম)  
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: [lgcc1@lgd.gov.bd](mailto:lgcc1@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।

নম্বর: ০২২০ তারিখ: ০২/০৬/২০২৩

১। উপ-সচিব-সিঃ কঃ-১  
২। উপ-সচিব-সিঃ কঃ-২  
৩। নগর উন্নয়ন-১  
৪। নগর উন্নয়ন-২

যোগাযোগ (নঃউঃ-১) অধিশাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
নির্মাণ শাখা

০৬

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৬.২৭.০৫৪.২১-৩১৬

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
০৪ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ গেন্ডারিয়া সরকারি বহিঃবিভাগ ডিসপেনসারি (জিওডি), (যা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অঞ্চল-০৫ এর আওতাধীন শরাফতগঞ্জ পার্কের অভ্যন্তরে অবস্থিত) অপসারণ সম্পর্কিত।

সূত্রঃ প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর পত্র নং-২৪৫৫.২০২৩, তারিখ: ২৯/০৫/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার ২০৩০ সালের মাধ্যমে Universal Health Coverage (UHC) বাস্তবায়নের জন্য বিশ্বস্বাস্থ্য সংস্থার সাথে প্রতিশ্রুতিবদ্ধ। গ্রাম এবং শহর পর্যায়ে সার্বজনিনভাবে স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা রয়েছে।

২। গেন্ডারিয়া সরকারি বহিঃবিভাগ ডিসপেনসারি (জিওডি)-তে প্রতিদিন ২০০ থেকে ৩০০ লোক স্বাস্থ্য সেবা গ্রহণ করছে এবং উক্ত এলাকায় আর কোন সরকারি স্বাস্থ্য কেন্দ্র নাই। জিওডি-তে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চিকিৎসক, ফার্মাসিস্ট ও অন্যান্য পদের অনুমোদিত জনবল বিদ্যমান এবং কর্মরত। প্রতি অর্থবছরে এমএসআর খাতে অর্থ বরাদ্দ রয়েছে। উক্ত সরকারি বহিঃবিভাগ ডিসপেনসারিটি জরাজীর্ণ নয় এবং বিগত অর্থ বছরসমূহে স্বাস্থ্য সেবা বিভাগের অর্থায়নে নিয়মিত মেরামত ও সংস্কার করা হচ্ছে।

৩। গেন্ডারিয়া এলাকাটি ঘনবসতিপূর্ণ এবং মধ্যবিত্ত ও দরিদ্র অনেক মানুষের আবাসস্থল। এ এলাকার সাধারণ জনগণ গেন্ডারিয়া সরকারি বহিঃবিভাগ ডিসপেনসারি (জিওডি) হতে স্বাস্থ্য সেবা গ্রহণ করে থাকে। চলমান একটি স্বাস্থ্য সেবা কেন্দ্র হঠাৎ বন্ধ করা হলে এলাকার জনগণের মধ্যে বর্তমান সরকার সম্পর্কে বিরূপ মনোভাব তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে।

৪। স্বাস্থ্য সেবা চালুর রাখার জন্য বিকল্প ব্যবস্থা না করে চলমান কার্যক্রম বন্ধ করা সমীচীন হবে না মর্মে স্বাস্থ্য সেবা বিভাগ মনে করে।

৫। এমতাবস্থায়, স্থানীয় জনগণের স্বাস্থ্য সেবা প্রদান অব্যাহত রাখার স্বার্থে গেন্ডারিয়া সরকারি বহিঃবিভাগ ডিসপেনসারি (জিওডি), (যা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অঞ্চল-০৫ এর আওতাধীন শরাফতগঞ্জ পার্কের অভ্যন্তরে অবস্থিত) অপসারণ কার্যক্রমটি স্থগিত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ডায়েরী নং: ০৮৭২  
তারিখ: ০৭/০৬/২০২৩

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন  
ও সমবায় মন্ত্রণালয়  
(মন্ত্রীর দপ্তর)

মাননীয় মন্ত্রীর নির্দেশক্রমে  
সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
তারিখ: ০৭/০৬/২৩

০৪.০৬.২৩.  
(মুহাম্মদ শাহাদত খন্দকার)  
উপসচিব  
ফোন-০২৫৫১০১৩৫১

সিনিয়র সচিব  
স্থানীয় সরকার বিভাগ,  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য:

সচিবের দপ্তর

১। সচিব  
২। উপসচিব  
৩। সিনিয়র সচিব  
৪। সিনিয়র সচিব

তারিখ: ০৭/০৬/২৩

- ১। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- ২। মাননীয় মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা
- ৩। প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫। সিনিয়র সচিব, ঢাকা
- ৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মনোনিবেশিত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসনিক কর্মকর্তা (সিটি কর্পোরেশন-১)

উপসচিব (সিটি কর্পোরেশন-১) শাখা।

নম্বর নং: ২০২৩  
তারিখ: ০৭/০৬/২৩

১। উপ-সচিব (নঃউঃ-১)  
২। উপ-সচিব (নঃউঃ-২)  
৩। উপ-সচিব (সিঃকঃ-১/২)  
৪। উপ-সচিব (পৌঃ-১/২)